



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘৩য় ইনডোর গেমস প্রতিযোগিতা-২০১৭’-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



০১ নভেম্বর-২০১৭, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের উদ্যোগে বিশ্ববিদ্যালয় ‘৩য় ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৭’-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন প্রঙ্গনে অনুষ্ঠিত হয়।

ক্রীড়া উপ-কমিটি (ইনডোর গেমস)-এর আহ্বায়ক অধ্যাপক ড. অশোক কুমার সাহা-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক মোহাঃ আলী নূর, রাষ্ট্রীয় পুরস্কার প্রাপ্ত ক্রীড়াবিদ

মোঃ সাইদুল হক সাদী ও স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ-এর জাতীয় পরিচালক ফারুকুল ইসলাম বক্তব্য প্রদান করেন।

এছাড়াও বক্তব্য প্রদান করেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া। প্রতিযোগিতায় সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা) গৌতম কুমার দাস। উল্লেখ্য, ২৩ অক্টোবর হতে ২৬ অক্টোবর পর্যন্ত চলা ৩য় ইনডোর গেমস প্রতিযোগিতায় ৪টি গেমস (দাবা, ক্যারাম, টেবিল টেনিস ও ব্যাডমিন্টন)-এর ১৪টি ক্যাটাগরিতে প্রায় ৩৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। উল্লেখ্য, প্রতিটি ক্যাটাগরিতে প্রথম তিনজনকে পুরস্কার প্রদান করা হয়। উপাচার্য এসময় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।